

৩০/১/০৭

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ব্যয় বাড়লেও মান বাড়েনি

৥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ৥

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে এক বছরে শিক্ষা ব্যয় ৫ গুণ বেড়েছে। কিন্তু শিক্ষার মান উন্নয়ন হয়নি। এ কারণে ছাত্ররা আন্দোলন করছে। গত সোমবার তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ৭ দফা দাবি জানিয়েছে।

২০০৫ সালের ২০ অক্টোবর বিশ্ববিদ্যালয় বাস্তবায়নের পর সর্বমোট ২৩শ' টাকার পরিবর্তে করা হয় ১৩ হাজার ৫০ টাকা। ২০ টাকার বেতন একশ' টাকা ও ১০ টাকার পরিবহন ফি ৪শ' টাকা করা হয়। কিন্তু এ পর্যন্ত পরিবহন উন্নয়নে শিক্ষক-ছাত্রদের জন্য কোন গাড়ি ক্রয় করা হয়নি। ছাত্র ও শিক্ষকগণ ৪টি মিনিবাসে যাতায়াত করেন। অপরদিকে ডিসি ডঃ দিরাছুল ইসলাম দায়িত্ব গ্রহণ করার পর ব্যক্তিগত যাতায়াতের জন্য ১৮ লাখ টাকায় গাড়ি ক্রয় করেছেন বলে জানা যায়। অর্ধশতাব্দিক

শিক্ষক পদ শূন্য রয়েছে। যোগ্যতা সম্পন্ন শিক্ষকগণও অবসর নিয়ে চলে যাচ্ছেন। কিন্তু এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে কোন শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। শিক্ষক-ছাত্রদের আবাসনের ব্যবস্থা নেই। অথচ বেদখল ১২টি হল উদ্ধারের কোন পদক্ষেপ নেয়া হয়নি। অর্ধশতাব্দী ৪র্থ বর্ষের শিক্ষার্থী শাহীম বলেন, আমরা দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অসমতা দূর করার জন্য প্রশাসনের নিকট দাবি জানাই। বাংলা বিভাগের একাধিক শিক্ষার্থী বলেন, আমাদের এ পর্যন্ত বিশ্ববিদ্যালয় থেকে পরিচয়পত্র দেয়া হয়নি। ক্যাম্পাসের নামের সড়কে শিঙাটের কার নেই। এ কারণে প্রায়ই দুর্ঘটনা ঘটে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের তিনি ডঃ দিরাছুল ইসলাম বলেন, জগন্নাথ কলেজ থেকে বিশ্ববিদ্যালয় স্থানান্তরিত হয়েছে। আমাদের অনেক সমস্যা আছে। এগুলো সমাধান করতে সময় লাগবে। হল উদ্ধারে অনুসন্ধান কর্মসিটি গঠন করা হবে। ২৬ মাসের মধ্যে গাড়ি ক্রয় ও শিক্ষক নিয়োগ দেয়া হবে।